

ইংরেজি ভাষায় নেগেটিভ শব্দ ব্যবহারে বিড়ম্বনা !

আরিফুর রহমান খাদেম

পৃথিবির যে কোনো ভাষাতেই positive words-এর পাশাপাশি negative words-এর ব্যবহার লেখা ও বলা উভয় ক্ষেত্রেই হয়ে থাকে। মনের ভাব প্রকাশ করতে আমরা বাংলা ভাষার পাশাপাশি ইংরেজি ভাষায় কথা বলে থাকি। বিশেষকরে আমরা যারা ইংরেজিভাষী দেশে আছি। এ ভাষায় এমন কিছু নাবোধক শব্দ আছে যা ব্যবহার করার সময় আমরা কিছু মৌলিক ভুল করে থাকি। আমার ব্যক্তিগত অভিমত, এভুলগুলো আমরা কেউ কেউ করি একেবারেই না জানার কারণে, আবার কেউ কেউ করি এদের সঠিক ব্যবহার জানা সত্ত্বেও অসচেতনতার বশবর্তী হয়ে। বিশদ ব্যাখ্যায় যাওয়ার আগে, চলুন আলোচনার স্বার্থে এ জাতীয় কিছু শব্দের সাথে আবারও একবার পরিচিত হয়ে নিই।

illegal, illogical, inaccurate, incorrect, inconvenient, insufficient, inactive, ineffective, inefficient, inexpensive, incomplete, inappropriate, indecent, insincere, inadequate, invisible, imbalance, impatient, improper, imperfect, impolite, impartial, irregular, irresponsible, irrelevant, irreparable, unattractive, unreliable, unrealistic, unreasonable, ungrateful, dissimilar, dishonest ইত্যাদি।

উল্লিখিত শব্দগুলো negative বা নাবোধক, আবার antonym বা বিপরীত শব্দ নামেও পরিচিত। শব্দগুলো একনজর দেখে কারোরই দ্বিমত পোষন করার কোন অবকাশ নেই যে আমরা এগুলোর সাথে পরিচিত নই। শুধু দেশের বাইরেই নয়, এদের মধ্যে বেশকিছু শব্দের ব্যবহার বাংলাদেশের একজন খেটে খাওয়া দিনমজুর থেকে শুরু করে একজন উচ্চপদস্থ কর্মচারী পর্যন্ত বিস্তৃত। ইংরেজি এবং বাংলার সংমিশ্রন ঘটে বিধায় অনেকে এই ভাষাকে বাংলািশ (banglish) বলে থাকে।

এগুলোর সঠিক অর্থ জানা সত্ত্বেও ব্যবহারিক বা দৈনন্দিন জীবনে আমরা এদের ব্যবহারে কতইনা ভুল করে থাকি। এ ত্রুটিগুলোর চুলচেরা বিশ্লেষণ করতে আমাদের কিছু উদাহরণের শরণাপন্ন হতে হবে। অনেকেই ভুলবশতঃ irregular-এর জায়গায় unregular বলছে, illegal-এর পরিবর্তে unlegal, illogical-এর স্থলে unlogical, এভাবে inactive (unactive), incomplete (uncomplete), imbalance (unbalance), inaccurate (unaccurate), insincere (unsincere), inexperience (unexperience), dissimilar (unsimilar), impolite (unpolite), inexperience-...র জায়গায় unexperience বলে যাচ্ছে।

অপ্রিয় হলেও সত্য যে আমাদের অনেকেই এ ভুলগুলো করে আসছি। অনেকের চোখেই এ ভুলগুলো ধরা পড়লেও নিজের খামখেয়ালিপনা বা চক্ষুলজ্জার ভয়েও এগুলো সংশোধন করতে পারছে না। কারণ অনেকেই একজন আরেকজনের ভুল ধরিয়ে দেয়াটাকে সহজভাবে মেনে নিতে পারে না। এ ধরনের ভুলগুলো শুধু কথাবার্তার মধ্যেই সীমাবদ্ধ নয়। ইংরেজি ভাষায় একটা আবেদনপত্র, চিঠি,

বায়োডাটা লিখতে বা অন্য যে কোনো ভাবে মনের ভাব প্রকাশের ক্ষেত্রেও এই সমস্ত খুটিনাটি ভুলগুলো লক্ষ্যনীয়। অনেকে বানানগত (spelling) ভুল করে থাকে। যেমনঃ irregular-এর জায়গায় iregular, irresponsible-এর জায়গায় iresponsible, irrelevant-এর স্থলে irelevant, dissimilar (disimilar) লিখে থাকে, যা চিঠিপত্র বা বায়োডটায় সহজেই ধরা পড়ে। আবার, irreparable শব্দটির উৎপত্তি ক্রিয়া repair থেকে। এখানেও লিখার সময় spelling mistake হওয়াটা বেশ সহজ। কারণ irreparable লিখলে ভুল হবে।

অপরদিকে, কেউ কেউ এই প্রয়োজনীয় বিপরীত শব্দগুলো না জানার অভাবও বোধ করে থাকে। যেমনঃ কেউ হয়ত experience-এর বিপরীত শব্দ হিসেবে ভুলবশতঃ unexperience অথবা একবারেই না জানার কারণে উপায়সূত্র না পেয়ে not experience ব্যবহার করছে, যদিও তার সদিচ্ছা ছিল বাক্যে inexperience শব্দটি খুঁজে পাওয়া। তবে এমন ইচ্ছা থাকা ভাল। এভাবেই unreliable-এর পরিবর্তে not reliable, invisible-এর জায়গায় not visible বলে থাকে। যদিও not ব্যবহারের মাধ্যমে এই বাক্যগুলো ভুল হচ্ছে না, তবে সরাসরি বিপরীত শব্দের প্রয়োগ অনেক ক্ষেত্রেই বেশি অর্থবহ হয়।

এইতো গেল শুধু বাংলাদেশে অবস্থানকালের কিছু ঘটনা। স্বদেশে অবস্থানকালে একটি ভিন্দেশীয় ভাষার ভুলের মাসুল না দিতে হলেও প্রবাসে কিন্তু ঠিকই দিতে হয়। নিজ দেশে এগুলো অশুদ্ধভাবে ব্যবহারের সময় বাংলাভাষা এ ভুলগুলোকে ঢেকে রাখলেও বিদেশে অবস্থানকালে যখন পুরো কথাটাই ইংরেজিতে বলতে বা লিখতে হয় এবং একটু ভুলের জন্য যখন বাক্য তার সৌন্দর্য হারায় সেটা হয়ত কারোও কাছে গ্রহণ যোগ্য হবে না।

এ ভুলগুলো বায়োডাটার মাধ্যমে হতে পারে কিংবা চাকরির ইন্টারভিউতেও হতে পারে। এভাবে কিছু ভুলশব্দ ব্যবহারের কারণে একজন বিশ্ববিদ্যালয় শিক্ষিত ব্যক্তিও প্রাইভেট কোম্পানিতে একটি ভাল চাকরি পাওয়া থেকে বঞ্চিত হতে পারে। ভাষার সুন্দর এবং সঠিক উপস্থাপনার মাধ্যমে একজন ব্যক্তির ব্যক্তিত্বের বহিঃপ্রকাশ ঘটে। এগুলো নূন্যতম কিছু উদাহরণমাত্র। এ ধরনের আরো অনেক শব্দ আছে যেগুলোর সঠিক ব্যবহার আমাদের সকলের জানা দরকার। পরবর্তীতে আমরা আরও কিছু খুটিনাটি শব্দ ও বাক্যগঠন এবং এদের সঠিক ব্যবহার নিয়ে বিশদ আলোচনা করব। পরিশেষে আজকের আলোচিত কয়েকটি শব্দের প্রয়োগ বাক্যগঠনের মাধ্যমে দেখানো হল :

1. Irregular: I don't know why she is so irregular in David's lectures.
2. Illegal: There are many illegal people living in the USA.
3. Invisible: The moon was invisible in the sky last night.
4. Irrelevant: This topic is irrelevant to what we discussed yesterday.
5. Improper: Your improper behaviour is not acceptable to your neighbours.

6. Impartial: The referees' decisions in many World Cup matches were not impartial.
7. Impatient: I don't know why this boy is so impatient.
8. Irreparable: It's unnecessary to take this radio to the shop because it is irreparable.
9. Dissimilar: My car is quite dissimilar to yours.
10. Ungrateful: I can't believe how this man is so ungrateful to you.
11. Unreasonable: The price of fish is very unreasonable at the market.

Part of this article was published in the Daily Jaijaidin (Education).